

বরিশালে শীলতাহানির চেপ্টার অভিযোগে কলেজ ছাত্র সোহেল গ্রেফতার

বরিশাল অফিস ॥ উজিরপুরের শিকারপুর কলেজের উচ্চ মাধ্যমিকের এক ছাত্রীর শীলতাহানির চেপ্টার অভিযোগে পুলিশ গত বুধবার শহর থেকে অমৃত নাথ দে কলেজের ছাত্র সোহেল দেওয়ানকে গ্রেফতার করে। সোহেলের বাড়ী উজিরপুরের বামরাইলে। সে এই ছাত্রীকে প্রেম নিবেদন করেছিল। ছাত্রী সাড়া না দেয়ায় সোহেল তার বন্ধুবান্ধবের সাহায্যে ৪ এপ্রিল কলেজ শেষে মেয়েটিকে একটি কক্ষে ডেকে নিয়ে বিব্রত করার চেষ্টা চালায়। ছাত্রীর বাধার মুখে সে সফল হয়নি। গত বুধবার উজিরপুর ও কোতোয়ালী পুলিশ যৌথ অভিযান চালিয়ে বি, এম, কলেজের সামনে থেকে সোহেলকে গ্রেফতার করে।